

শুভদিন বেলা এক প্রহর সময়।  
 দেবী চিড়া ভানিবারে টেকিশালে যায়।।  
 পশ্চিমাভিমুখী দেবী দক্ষিণেতে টেকি।  
 কৃষ্ণ বলে চিড়া আঁলে ঝোরে দুটা আঁখি।।  
 হেনকালে রামকান্ত গোস্বামী আসিয়া।  
 স্তন-দুগ্ধ পান করে গলে হাত দিয়া।।  
 পুত্রভাবে ঠাকুরাণী রাখিলেন কোলে।  
 স্নেহাবেশে ভাসে দুই নয়নের জলে।।  
 বলে 'অদ্য পোহাইল কি সুখ যামিনী।  
 প্রভাত আবেশ বুঝি ফলিল এখনি'।।  
 রামকান্ত বলে 'মাগো! বলি যে তোমারে।  
 বাসুদেব জন্মিবেন তোমার উদরে'।।  
 কিছুদিন পরে রামকান্ত আর দিনে।  
 বাসুদেব কোলে করি বসিল যতনে।।  
 বাসুদেব বলে 'যাব সফলানগরে।  
 পূজাদি লইব মাতা অন্নপূর্ণা ঘরে'।।  
 বাসুদেব লয়ে সাধু পরম কুশলে।  
 যশোবন্ত-গৃহে আসি উপনীত হ'লে।।  
 মুহূর্তেক দিবা আছে সন্ধ্যার অথেষ্টে।  
 অন্নপূর্ণা ঝাঁড়ু দেন ঝাঁটা লয়ে হাতে।।  
 ঠাকুরাণী ঝাঁড়ু দেন পূর্বাভিমুখেতে।  
 রামকান্ত আসিলেন পূর্ব দিক হ'তে।।  
 সম্মুখে যাইয়া সাধু বলে যে মাতায়।  
 'কোলে কর বাসুরে সময় ব'য়ে যায়।।  
 আস্তে ব্যস্তে ঠাকুরাণী বাসুদেবে ধরে।  
 রাখিলেন পুত্রস্নেহে বামকক্ষ 'পরে।।  
 অভূত অপূর্ব-শোভা দরশন করে'।  
 রামকান্ত নাচে চারিদিক ঘুরে ফিরে।।  
 সজল নয়ন সাধু প্রেমে পুলকিত।  
 হাতে তালি দিয়া নাচে প্রেমে গায় গীত।।  
 'দেখরে নগরবাসী! হ'ল কি আনন্দ।  
 অন্নপূর্ণা অনায়াসে পাইল গোবিন্দ।।

কিবা পুণ্য করেছিল চৌধুরীর ঝি।  
 সেই পুণ্যে পুত্র পেল বাসুদেবজী'।।  
 রামকান্ত কহে যশোবন্ত ঠাকুরেরে।  
 'কিছুদিন বাসুদেবে রাখ তব ঘরে'।।  
 ওড়াকান্দী, মাছকান্দী, ঘটকান্দী আদি।  
 বহুথামে ভ্রমিতেন কান্ত গুণনিধি।।  
 দুই চারি দিন পরে অথবা সপ্তাহে।  
 মাঝে মাঝে আসিতেন অন্নপূর্ণা গৃহে।।  
 যে যে দিন না আসিয়া থাকিতেন দূরে।  
 অন্নপূর্ণা পূজিতেন বাসুদেবজীরে।।  
 তুলসী চন্দন মেখে নানা পুষ্প তুলে।  
 দিত রাণী বাসুদেবে 'লহ' 'লহ' বলে।।  
 এইরূপে পক্ষান্তর ভ্রমণ করিয়ে।  
 দেশে গেল রামকান্ত বাসুদেবে ল'য়ে।।  
 যশোদা আবেশে বর দিলা রামকান্ত।  
 বিরচিল তারক রসনা এ বৃত্তান্ত।।



### শ্রীশ্রীহরিচাঁদের আবির্ভাব

এবে শুন ভক্ত সবে করি শুদ্ধ মন।  
 যেইরূপে প্রভু ভবে অবতীর্ণ হ'ন।।  
 পূর্বেতে কড়ার ছিল ভক্তগণ সঙ্গে।  
 উৎকলেতে দৈববাণী ছিল যে প্রসঙ্গে।।  
 আর এক বাণী ছিল শূন্যবাণী সনে।  
 শেষ-লীলা করিব আমি ঈশান কোণে।।  
 নীচ হয়ে করিব যে নীচের উদ্ধার।  
 অতি নিম্নে না নামিলে কিসের অবতার?।  
 কৃষ্ণ-প্রেম সুনির্মল উচ্ছেতে না রবে।  
 নিম্নখাদে থাকে বারি দেখ মনে ভেবে।।  
 নীচজন উচ্চ হ'বে বুদ্ধ তপস্যায়।  
 বুদ্ধদেব অবতার যে সময় হয়।।